# গাজার বিভিন্ন এলাকায় ইসরায়েলি হামলায় নিহত ১৪



ছবি: সংগৃহীত

গাজার বিভিন্ন স্থানে ইসরায়েলি হামলায় অন্তত ১৪ ফিলিস্তিনি নিহত হয়েছেন বলে জানিয়েছে আল-জাজিরা।

শনিবার (১৮ জুলাই) প্রকাশিত এক প্রতিবেদনে বলা হয়, নিহতদের মধ্যে আটজন মধ্য গাজার নুসেইরাত শরণার্থী শিবিরে একটি জানাজায় অংশ নিতে জড়ো হওয়া মানুষ।

প্রতিবেদন অনুযায়ী, শুক্রবার নুসেইরাতের আল-বালাতা বাজার এলাকায় আহমদ ইয়াসিন মসজিদের বাইরে জানাজার অপেক্ষায় থাকা মানুষের ওপর ড্রোন হামলা চালানো হয়। প্রত্যক্ষদর্শীদের দাবি, ওই হামলায় অন্তত আটজন নিহত হন এবং আরও কয়েকজন আহত হন।

বার্তা সংস্থা এএফপির তথ্য অনুযায়ী, হামলার বিষয়টি নিশ্চিত করেছে ইসরায়েলি সামরিক বাহিনী।

এক বিবৃতিতে ইসরায়েলি সেনাবাহিনী জানায়, মধ্য গাজায় একটি সশস্ত্র গোষ্ঠীকে লক্ষ্য করে অভিযান চালানো হয়েছিল। হামলায় বেসামরিক লোকজন হতাহত হওয়ার অভিযোগ সম্পর্কে তারা অবগত রয়েছে এবং ঘটনাটি পর্যালোচনা করা হচ্ছে বলে জানিয়েছে।

এদিকে, গাজার অন্যান্য এলাকাতেও পৃথক হামলায় আরও কয়েকজনের প্রাণহানির খবর পাওয়া গেছে। তবে সব ঘটনার বিস্তারিত তথ্য তাৎক্ষণিকভাবে প্রকাশ করা হয়নি।